

প্রেস রিলিজ

ঢাকা- ২৫ সেপ্টেম্বর ২০১৮

স্বাধীনতার পর হতে বাংলাদেশের জাতীয় আর্থ-সামাজিক উন্নয়নে বন্ধুপ্রতিম দেশ মালয়েশিয়া ব্যাপক অবদান রেখে চলেছে। দীর্ঘদিন যাবৎ মালয়েশিয়ায় বাংলাদেশি কর্মী নিয়োগ প্রক্রিয়া অব্যাহত রয়েছে। মালয়েশিয়ায় ব্যাপক বৈদেশিক কর্মসংস্থান সৃষ্টির পথকে আরও স্বচ্ছ ও নিরাপদ করার স্বার্থে মাননীয় প্রধানমন্ত্রী ও এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর নিরলস কূটনৈতিক প্রচেষ্টায় বিগত ১৮ ফেব্রুয়ারি ২০১৬ তারিখে জি টু জি প্লাস পদ্ধতিতে বাংলাদেশ হতে মালয়েশিয়ায় কর্মী নিয়োগের দ্বার উন্মোচিত হয়।

এই প্রক্রিয়াটিকে আরও সহজ ও বেগবান করার লক্ষ্যে গঠিত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের প্রথম সভা অদ্য ২৫ সেপ্টেম্বর ২০১৮ তারিখ স্থানীয় সময় সকাল-০৯.৩০ টায় মালয়েশিয়ার পুত্রজায়ায় অনুষ্ঠিত হয়। উক্ত জয়েন্ট ওয়ার্কিং গ্রুপের সভায় বাংলাদেশের পক্ষে ১১ সদস্যের একটি প্রতিনিধিদলের নেতৃত্ব দেন মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশনের হাইকমিশনার মোঃ শহিদুল ইসলাম। অপরদিকে স্থানীয় সময় বেলা-০২.৩০ টায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী নুরুল ইসলাম বিএসসি'র নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল, মালয়েশিয়ার হিউম্যান রিসোর্স মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মি. কুলাসেগারান (**M. Kulasegaran**) এর সাথে একটি সভায় মিলিত হন। সভাটি অত্যন্ত সৌহাদ্যপূর্ণ ও ফলপ্রসূ হয়।

সভায় বেশ কিছু গুরুত্বপূর্ণ ও যুগান্তকারী সিদ্ধান্ত গৃহিত হয়। তার মধ্যে জি টু জি প্লাস পদ্ধতিতে বাংলাদেশি বৈধ সকল রিক্রুটিং এজেন্সীর মাধ্যমে বাংলাদেশি কর্মীদের মালয়েশিয়ায় প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। অপরদিকে কলিং ভিসায় কর্মী নিয়োগের বিষয়েও ইতিবাচক সিদ্ধান্ত গৃহিত হয় এবং এ প্রক্রিয়ায় অপেক্ষমান মালয়েশিয়া গমনেচ্ছু কর্মীদের পথ উন্মুক্ত থাকবে। ইহা ছাড়াও মালয়েশিয়ায় অবস্থানরত অনিয়মিত কর্মীদেরকে নিয়মিতকরণের বিষয়ে মালয়েশিয়া সরকারের ইতিবাচক মনোভাব রয়েছে যর্থে জানানো হয়। বর্তমানে প্রতিনিধিদলটি মালয়েশিয়ায় অবস্থান করছে।

জয়েন্ট ওয়ার্কিং গ্রুপে বাংলাদেশের পক্ষ থেকে আরও উপস্থিত ছিলেন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যরোর মহাপরিচালক (অতিরিক্ত সচিব) মোঃ সেলিম রেজা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (কর্মসংস্থান) আহমেদ মুনিরুজ্জ সালেহীন, মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব) মোঃ আবুল হাছানাত হুমায়ুন কবীর, পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক মোঃ দেলোয়ার হোসেন, এ মন্ত্রণালয়ের উপসচিব মোহাম্মদ শাহীন, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক মোঃ মোশাররফ হোসেন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগের উপসচিব সানজিদা শারমিন। এছাড়াও সভায় মালয়েশিয়াস্থ বাংলাদেশ হাইকমিশনের কাউন্সেলর (শ্রম) মোঃ সায়েদুল ইসলাম (অতিরিক্ত সচিব) উপস্থিত ছিলেন।

জনসংযোগ কর্মকর্তা
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়